

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০১.০২০.০২৩.২০২৪-



তারিখঃ ২৬ চৈত্র ১৪৩০
০৯ এপ্রিল ২০২৪

প্রাপক : চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ এর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ব্যয় নির্বাহকল্পে অগ্রিম উত্তোলনে আর্থিক মঞ্জুরি জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদযাপনের নিমিত্ত জাতীয় কর্মসূচি অনুযায়ী কার্যাবলি সম্পাদনের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে প্রাপ্ত ২১,৩৪,০০০/- (একুশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকা হতে লেজার শো ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত জেলা প্রশাসক, মেহেরপুর এর অনুকূলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ছাড়করনে ও অগ্রিম উত্তোলনে নির্দেশক্রমে সরকারি আর্থিক মঞ্জুরি জ্ঞাপন করছি।


- ০২। উল্লিখিত অর্থ অধরিত্রির মাধ্যমে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মেহেরপুর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ০৩। এ ব্যয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেটের অনুষ্ঠান/উৎসবাদি (কোড-১৫৭০১০১১৩২৪৮৫-৩২৫৭৩০১) খাতে বরাদ্দ হতে নির্বাহ হবে।
- ০৪। শর্তাবলী:

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) এ খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না;
- (গ) পরবর্তীতে কোন অগ্রিম উত্তোলনের ক্ষেত্রে ইতোপূর্বে গৃহীত অগ্রিমের অর্থ সমন্বয় করতে হবে;
- (ঘ) অনুষ্ঠান শেষে অগ্রিম উত্তোলিত বরাদ্দকৃত ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার সমন্বয় বিবরণী প্রেরণ করতে হবে;
- (ঙ) একই অনুষ্ঠান উদযাপনে ৩২৫৭৩০১- অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে অর্থছাড়ের ক্ষেত্রে দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে;
- (চ) পরবর্তী উক্ত অনুষ্ঠান উদযাপনের ব্যয় নির্বাহের জন্য অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না; এবং
- ছ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ শে জুন, ২০২৪ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য।



০৫। এ বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৩-০৪-২০২৪ তারিখের ০৭.১০৮.০২০.৬৩.০৫.০৩৩.২০২৩-১৭৭ সংখ্যক পত্রাংশমূলে সম্মতি রয়েছে।



আমজাদ হোসেন
উপসচিব (প্রশাসন-২)
টেলিফোনঃ ০২-২৩৩৮৮২০১

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০১.০২০.০২৩.২০২৪- (৫)০

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩০
০৯ এপ্রিল ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, মেহেরপুর;
- ৪। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
- ৭। সিস্টেম এনালিস্ট (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ই-মেইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় বরাবর প্রেরণের অনুরোধসহ);
- ৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, পুরানা পল্টন, ঢাকা;
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মেহেরপুর।


আমজাদ হোসেন
উপসচিব (প্রশাসন-২)
টেলিফোনঃ ০২-২৩৩৮৮২০১